


রাষ্ট্রপতি জিয়াউর রহমান সোমবার টাঙ্গাইলের ঘাটাইল থানায় স্বেচ্ছাশ্রমের সপ্তম সম্মেলন উদ্বোধন করেন।

# প্রেসিডেন্টের ধলেশ্বরী-লৌহজং সংযোগ খাল উদ্বোধন

বাঘিল (টাঙ্গাইল), ৩১শে ডিসেম্বর (বাসস)।—প্রেসিডেন্ট জিয়াউর রহমান আজ আনুষ্ঠানিকভাবে ১৩ মাইল লম্বা ধলেশ্বরী-লৌহজং সংযোগ খালের উদ্বোধন করেন। দেশব্যাপী খাল খনন কর্মসূচীর অধীনে এই খালের পুনর্খনন কাজ সবেমাত্র শেষ হয়েছে।

প্রেসিডেন্ট জিয়া এক অনাড়ম্বর অনুষ্ঠানে এলাকার হাজার হাজার লোকের হর্ষধ্বনির মুখে তিনটি পাওয়ার পাম্প থেকে পানি ছেড়ে এই খালের উদ্বোধন করেন।

গত ১০ই ডিসেম্বর এই সংযোগ খাল পুনর্খননের কাজ শেষ হয়। এটি পুনর্খনন করতে ১৫ দিন লেগেছে।

সরকারী সূত্রে প্রকাশ, ৬৫টি স্বেচ্ছাসেবী সংস্থার ২৬ হাজারেরও বেশি লোক, এই পুনর্খনন প্রকল্পে কাজ করেন। এই খাল থেকে সাড়ে ৫ হাজার একর জমিতে পানি সেচের মাধ্যমে ৫৫ হাজার মন অতিরিক্ত ধান উৎপাদন করা যাবে। টাঙ্গাইল পৌরসভার ১৫ বর্গমাইল এলাকা এবং বাঘিল, দৈন্যা, গালা, পথরাইল ও করটিয়া ইউনিয়ন এই প্রকল্পের অন্তর্ভুক্ত।

এ উপলক্ষে সমবেত জনতার উদ্দেশে এক সংক্ষিপ্ত ভাষণে প্রেসিডেন্ট জিয়া জনগণের প্রতি ধলেশ্বরী-লৌহজং খাল সম্প্রসারিত করে অধিক কৃষি জমি এর সেচের আওতাভুক্ত করার আহ্বান জানান।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে পূর্ত ও নগর উন্নয়নমন্ত্রী জনাব আবদুর রহমান, পাট প্রতিমন্ত্রী জনাব নূর মোহাম্মদ, স্থানীয় নেত্রী মিসেস খালেদা পন্নি এবং স্থানীয় কর্মকর্তা ও ইউনিয়ন কাউন্সিলের চেয়ারম্যান বক্তৃতা করেন।